কৃষিই সমৃদ্ধি

**বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)**
**কৃষি ভবন**
৪৯-৫১, দিলকুশা বা/ এ, ঢাকা
সমন্বয় বিভাগ
www.badc.gov.bd

মুজিববর্ষে বিএডিসি
কৃষির সেবায় দিবানিশি

**বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশনের উইং ও বিভাগীয় প্রধানদের সমন্বয়ে অনুষ্ঠিতব্য ২৮ সেপ্টেম্বর ২০২০ মাসের সমন্বয় সভার কার্যপত্রঃ**

**আলোচ্য বিষয়-০১: বিগত ৩১ আগস্ট ২০২০ তারিখে অনুষ্ঠিত আগস্ট ২০২০ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ।**

**আলোচ্য বিষয়-০২: বিগত ৩১ আগস্ট ২০২০ তারিখে অনুষ্ঠিত আগস্ট ২০২০ মাসের মাসিক সমন্বয় সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা।**

**আলোচ্য বিষয়-০৩: বিবিধ।**

<table>
<tr><th>ক্রঃ নং</th><th>আলোচ্য বিষয়</th><th>সিদ্ধান্ত</th><th>অগ্রগতি/বিবরণ</th><th>সিদ্ধান্ত প্রস্তাব</th></tr>
<tr><td>০১.</td><td>সংস্থার শূন্য পদে জনবল নিয়োগ সংক্রান্ত।</td><td>ক. বিএডিসি'র শূন্য পদের বিপরীতে চলমান সকল নিয়োগ প্রক্রিয়া প্রযোজ্য ক্ষেত্রে আদালতের নির্দেশনা যথাযথ অনুসরণপূর্বক সর্বোচ্চ গুরুত্ব দিয়ে দ্রুত সম্পন্ন করতে হবে।<br>খ. নিয়োগের লক্ষ্যে যে সকল শূন্য পদের আবেদনপত্র গ্রহণ করা হয়েছে স্বাস্থ্যবিধি মেনে দ্রুত সে সকল পদে লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহণের ব্যবস্থা করতে হবে।<br>গ. পদোন্নতি, অবসরজনিত কিংবা অন্য কোন কারণে যে সকল শূন্য পদসমূহের ছাড়পত্রের জন্য মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে সে বিষয়ে মন্ত্রণালয়ে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br>ঘ. বিএডিসি'র সকল উইং এর বিদ্যমান শূন্য পদে নিয়োগের নিমিত্ত মন্ত্রণালয় হতে ছাড়পত্র প্রাপ্তির বিষয়ে দ্রুত কার্যক্রম গ্রহণ করতে হবে।</td><td>নিয়োগ ও কল্যাণ বিভাগ হতে জানানো হয়েছে,
<table>
<tr><th>বিষয়</th><th>সংখ্যা</th><th>অগ্রগতি</th></tr>
<tr><td>০১. নিয়োগের মাধ্যমে পূরণযোগ্য</td><td>৮৭৯</td><td>১। ৭৮টি পদে নিয়োগের লিখিত পরীক্ষা গ্রহণ করা হয়েছে। লিখিত পরীক্ষার ফলাফল প্রেরণের জন্য বুয়েটকে পুনরায় তাগিদ দেয়া হয়েছে।<br>২। ১০৪টি পদের জন্য অনলাইনে আবেদন গ্রহণ করা হয়েছে। লিখিত পরীক্ষা গ্রহণের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয়, বুয়েট কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করা হয়েছে। করোনা পরিস্থিতি বিবেচনায় নিয়ে উর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমতি গ্রহণপূর্বক লিখিত পরীক্ষার সময় নির্ধারণ করা হবে।<br>৩। ১৬১টি পদে নিয়োগের জন্য ২০ জুলাই ২০২০ তারিখে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। ২০/০৮/২০২০ তারিখ পর্যন্ত আবেদনের শেষ সময় ছিল। টেলিটক হতে আবেদনকারীর সংখ্যা পাওয়া গেছে। আবেদনপত্র হতে প্রাপ্ত অর্থ পাওয়ার পর পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে।<br>৪। গাড়ি চালকের ২৭৭টি পদের ছাড়পত্র মন্ত্রণালয় হতে পাওয়া গেছে। উক্ত পদে পূর্বের ২০০৯ সালের নিয়োগ বিজ্ঞপ্তি বাতিলের বিষয়ে আইনগত মতামত চাওয়া হয়েছে।</td></tr>
</table></td><td>-</td></tr>
</table>

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | অগ্রগতি/বিবরণ | | | সিদ্ধান্ত প্রস্তাব |
|---|---|---|---|---|---|---|
| | | | | | ৫। ১৯ গ্রেডের ১৮টি পদের ছাড়পত্র পাওয়া গেছে। সরাসরি নিয়োগের ক্ষেত্রে আউটসোর্সিং-এর মাধ্যমে লিখিত পরীক্ষা গ্রহণের বিষয়ে অর্থ মন্ত্রণালয়ের মতামত পাওয়া গেছে। শ্রীঘ্রই নিয়োগ বিজ্ঞপ্তি জারি করা হবে।<br>৬। ১০৫টি পদে ছাড়পত্র গ্রহণের জন্য ৩০/০৭/২০২০ তারিখে কৃষি মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। ছাড়পত্র এখনও পাওয়া যায় নি।<br>৭। সম্প্রতি শূন্য ১৭টি পদের ছাড়পত্র গ্রহণের জন্য মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হবে।<br>৮। ১০% পদ সংরক্ষণযোগ্য। | |
| | | | ০২. পদোন্নতির মাধ্যমে পূরণযোগ্য | ২৬৯ | পদোন্নতি কার্যক্রম চলমান রয়েছে। গত ১৪ মে ২০২০ তারিখে ২৫ জন কর্মচারীদের পদোন্নতি প্রদান করা হয়েছে। সহকারী মেকানিক পদ হতে পদোন্নতির জন্য গ্রেডেশন চূড়ান্তকরণের জন্য কমিটি গঠিত হয়। কমিটি আগামী ২০ আগস্ট ২০২০ তারিখের মধ্যে প্রতিবেদন দাখিল করেছে। চূড়ান্ত গ্রেডেশন তালিকা ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। এ পর্যায়ে উপসহকারী প্রকৌশলীর ৩৭টি পদে পদোন্নতি প্রদান করা সম্ভব হবে। | |
| | | | ০৩. ফিডার পদে প্রয়োজনীয় অভিজ্ঞতার বয়স পূর্ণ না হওয়ায় পদোন্নতি প্রদান করা সম্ভব হচ্ছে না | ৬৩৯ | ফিডার পদে কর্মরতদের অভিজ্ঞতার বয়স পূর্ণ হলে পদোন্নতি প্রদানযোগ্য হবে। | |
| | | | ০৪. জনবল কাঠামোতে পদ রয়েছে; কিন্তু নিয়োগবিধি নেই। | ২৯৮ | প্রবিধানমালা সংশোধনপূর্বক বর্ণিত বিষয়ে নিয়োগ কার্যক্রম গ্রহণযোগ্য হবে। প্রবিধানমালা সংশোধন/প্রণয়ন প্রস্তাব বিগত ০৯/০৮/২০২০ তারিখে ৮১ নং স্মারকে পুনরায় কৃষি মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। | |

<table>
<tr><th>ক্রঃ নং</th><th>আলোচ্য বিষয়</th><th>সিদ্ধান্ত</th><th>অগ্রগতি/বিবরণ</th><th>সিদ্ধান্ত প্রস্তাব</th></tr>
<tr><td></td><td></td><td></td><td><table>
<tr><td>০৫. আদালতের নিষেধাজ্ঞার কারণে পূরণ করা যাচ্ছে না</td><td>১১৬৮</td><td>এ বিষয়ে বর্তমানে আদালতে ২টি মামলা রয়েছে। নিষ্পত্তি কার্যক্রম চলমান রয়েছে।</td></tr>
<tr><td>০৬. অন্যান্য সমস্যা</td><td>১৮</td><td>প্রস্তাবিত জনবল কাঠামোতে পদসমূহ বিলুপ্তির সুপারিশ করা হয়েছে। কৃষি মন্ত্রণালয়ের ২৫ জুন ২০২০ তারিখের ১৩৫ নং স্মারক মোতাবেক জনবল কাঠামোর পূর্ণাঙ্গ প্রস্তাব প্রেরণের নির্দেশনা দেয়া হয়েছে। সে অনুযায়ী পূর্ণাঙ্গ প্রস্তাব শীঘ্রই প্রেরণ করা হবে।</td></tr>
<tr><td>মোট</td><td>৩৪৩৯</td><td></td></tr>
</table></td><td></td></tr>
<tr><td>০২.</td><td>পেন্ডিং চিঠিপত্র নিষ্পত্তিকরণ সংক্রান্ত।</td><td>ক. নির্ধারিত সময়ের মধ্যে সকল চিঠিপত্রের জবাব মন্ত্রণালয় ও বিভিন্ন বিভাগ/ দপ্তর/ সংশ্লিষ্ট অফিসসমূহে প্রেরণ নিশ্চিত করতে হবে।<br>খ. বিএডিসি'র কোন বিষয় মন্ত্রণালয়ে পেন্ডিং থাকলে তার তথ্য কৃষি মন্ত্রণালয়ের প্রতিটি সমন্বয় সভার পূর্বেই চেয়ারম্যান বিএডিসি'র নিকট উপস্থাপন করতে হবে।<br>গ. পেন্ডিং চিঠিপত্রের ছকপূরণসহ প্রতি মাসের শুরুতে পূর্ববর্তী মাসের অগ্রগতি প্রতিবেদন সমন্বয় বিভাগে প্রেরণ করতে হবে।</td><td>ক. বিভিন্ন বিভাগ হতে জানানো হয়েছে মন্ত্রণালয় ও বিভিন্ন দপ্তরে যথাসময়ে পত্রের জবাব প্রেরণ করা হচ্ছে।<br>খ. পেন্ডিং চিঠিপত্র সংক্রান্ত ছক পরিশিষ্ট–২ তে সংযোজন করা হয়েছে।</td><td>-</td></tr>
<tr><td>০৩.</td><td>আদালতে বিএডিসি'র বিচারাধীন মামলা সংক্রান্ত।</td><td>ক. বিএডিসি'র মামলা সংক্রান্ত তথ্যাদি মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। মামলাসমূহ যথাযথভাবে মনিটর এবং বিচারাধীন মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির জন্য যথাযথ পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>খ. মামলা সংক্রান্ত সকল বিষয়ে সংশ্লিষ্ট দপ্তর প্রধান এবং সংস্থার সচিব মহোদয়কে অবহিত করতে হবে।<br>গ. যে সমস্ত মামলার রায় সংস্থার বিপক্ষে হয় সে সকল মামলার বিষয়ে করণীয়</td><td>সুপ্রিমকোর্টসহ ঢাকার বিভিন্ন আদালতে এবং ঢাকার বাহিরে বিএডিসি'র সর্বমোট ৭৫৯টি মামলা বিচারাধীন রয়েছে। তন্মধ্যে আপিল বিভাগে বিচারাধীন মামলার সংখ্যা- ৮৪, হাইকোর্ট বিভাগে বিচারাধীন মামলার সংখ্যা-৩৯২, ঢাকার জেলা জজ ও অধ:স্তন আদালতে বিচারাধীন মামলার সংখ্যা- ৯৯। এছাড়াও ঢাকার বাইরে বিভিন্ন আদালতে সংস্থার আরও ১৮৫ টি মামলা বিচারাধীন রয়েছে। বিচারাধীন এসব মামলার মধ্যে সংস্থার চাকুরি থেকে স্বেচ্ছাবসর সংক্রান্ত -৭৪টি, অব্যাহতি সংক্রান্ত- ৬৩টি, নিয়োগ ও পদোন্নতি সংক্রান্ত- ৬৬ টি, জমির মালিকানা ও গুদামের দখল হস্তান্তর সংক্রান্ত- ৮৪টি, বিভাগীয় দন্ডাদেশ চ্যালেঞ্জ সংক্রান্ত- ৩৬টি, আত্মসাতকৃত মালামালের মূল্য আদায় সংক্রান্ত-৫৫টি, সংস্থার পাওনা আদায় সংক্রান্ত-৮২টি, অন্যান্য মামলার সংখ্যা-২৯৯টি। (আদালতে বিচারাধীন মামলার তথ্য পরিশিষ্ট-৩ এ সংযুক্ত)</td><td>-</td></tr>
</table>

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | অগ্রগতি/বিবরণ | সিদ্ধান্ত প্রস্তাব |
|---|---|---|---|---|
| | | নির্ধারণ করে সভায় উপস্থাপন করতে হবে।<br>ঘ. বিএডিসি’র নিয়োগ সংক্রান্ত মামলা এবং অন্যান্য মামলাসমূহ নিষ্পত্তির বিষয়ে আদালতে অভিজ্ঞ আইনজীবী নিয়োগ করতে হবে। | | |
| ০৪. | বিভাগীয় মামলা সংক্রান্ত। | ক. বিভাগীয় মামলাসমূহের তথ্য মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।<br>খ. বিভাগীয় মামলাসমূহ দ্রুত নিষ্পন্ন করার নিমিত্ত তদন্ত প্রতিবেদন যথাসময়ে দাখিল করতে হবে। এ বিষয়ে তদন্তকারী কর্মকর্তাগণকে আরো সচেষ্ট/ অধিকতর তৎপর হতে হবে।<br>গ. বিএডিসি’র সকল বিভাগীয় মামলার সার-সংক্ষেপ প্রস্তুত করে তা কর্তৃপক্ষ বরাবর উপস্থাপন করতে হবে। | সংস্থাপন বিভাগ হতে জানানো হয়েছে, বর্তমানে ৪৫টি বিভাগীয় মামলা চলমান রয়েছে। | - |
| ০৫. | বিএডিসি’র সার গুদাম, বীজ সংরক্ষণাগার এবং ক্ষুদ্রসেচ উইং এর আওতায় স্টোরসমূহ পরিদর্শন/ বাস্তব যাচাই সংক্রান্ত। | ক. বিএডিসি’র সার গুদাম, বীজ সংরক্ষণাগার এবং প্রকল্প/ কর্মসূচি/ কার্যক্রমসমূহ পরিদর্শন/ বাস্তব যাচাই/ অব্যাহত রাখার জন্য মনিটরিং টিম পুনর্গঠন করতে হবে।<br>খ. বিএডিসি’র বিভিন্ন প্রকল্পের আওতায় নির্মাণাধীন বড় অবকাঠামোসমূহ সঠিকভাবে মনিটরিং করার জন্য সকল উইং এর অভিজ্ঞতা সম্পন্ন কর্মকতাদের সমন্বয়ে একটি বিশেষ মনিটরিং টিম গঠন করতে হবে।<br>গ. বিএডিসি’র বীজ প্রক্রিয়াজাতকরণ ও সংরক্ষণ কেন্দ্রসমূহ মনিটরিং করার জন্য একটি মনিটরিং টিম গঠন করতে হবে।<br>ঘ. বিএডিসি’র সকল পরিদর্শন কমিটি কর্তৃক দাখিলকৃত পরিদর্শন/বাস্তব-যাচাই প্রতিবেদন বাস্তবায়নের জন্য চেয়ারম্যান বরাবর উপস্থাপন | মনিটরিং বিভাগ হতে জানানো হয়েছে,<br>ক. প্রকল্প, কর্মসূচি, বীজ গুদাম ও সার গুদাম পরিদর্শন কমিটি পুনর্গঠনের কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।<br>খ. সকল উইং এর অভিজ্ঞতাসম্পন্ন কর্মকর্তাদের সমন্বয়ে একটি বিশেষ মনিটরিং টিম গঠনের সিদ্ধান্ত থাকলেও এ বিষয়ে ক্ষুদ্রসেচ বিভাগ হতে তিন উইংয়ের (বীজ ও উদ্যান, ক্ষুদ্রসেচ ও সার ব্যবস্থাপনা) প্রতিনিধিদের নিয়ে ০৭ সদস্যবিশিষ্ট টাস্কফোর্স গঠনের প্রস্তাব প্রেরণ করা হয়েছে, যা প্রক্রিয়াধীন রয়েছে।<br>গ. বিএডিসি’র বীজ প্রক্রিয়াজাতকরণ ও সংরক্ষণ কেন্দ্রসমূহ মনিটরিং করার জন্য জনাব মো: আব্দুল হালিম, মহাব্যবস্থাপক (উদ্যান)-কে আহবায়ক করে একটি মনিটরিং টিম গঠন করা হয়েছে।<br>ঘ. বিএডিসি’র সার গুদাম, বীজ সংরক্ষণাগার এবং প্রকল্প/কর্মসূচি/ কার্যক্রমসমূহ মনিটরিং/পরিদর্শন প্রতিবেদন চেয়ারম্যান মহোদয় বরাবর উপস্থাপন অব্যাহত রয়েছে। | - |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | অগ্রগতি/বিবরণ | সিদ্ধান্ত প্রস্তাব |
|---|---|---|---|---|
| | | করতে হবে এবং বাস্তবায়নের পর ফলোআপ পুনরায় চেয়ারম্যান বরাবর উপস্থাপন করতে হবে।<br>ঙ. বিএডিসি'র পরিদর্শন কার্যক্রম জোরদারকরণের জন্য ভ্রমণ ব্যয় সংকোচন সংক্রান্ত বিষয়ে অর্থ বিভাগের পরিপত্রের আওতা হতে অব্যহতি চেয়ে কৃষি মন্ত্রণালয়ের মাধ্যমে অর্থ বিভাগে পত্র পেরণ করতে হবে। | | |
| ০৬. | বিএডিসি'র নথিসমূহ সুবিন্যস্তকরণ এবং পুরাতন নথিসমূহ অপসারণ সংক্রান্ত। | ক. বিভিন্ন বিভাগের 'ক' শ্রেণির নথিসমূহ নির্ধারিত সময়ের পরে সংরক্ষণের জন্য সংস্থার রেকর্ডরুমে প্রেরণ করতে হবে।<br>খ. বিভিন্ন বিভাগের 'ক' শ্রেণির নথিসমূহ ব্যতীত অন্যান্য নথিসমূহ স্ব স্ব বিভাগকে নির্ধারিত সময়ের পরে বিধি মোতাবেক বিনষ্টকরণের কার্যক্রম গ্রহণ করতে হবে।<br>গ. বিভিন্ন বিভাগ/ দপ্তর কর্তৃক নথি বিনষ্টকরণের সংখ্যা মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। | সংগঠন ও ব্যবস্থাপনা বিভাগ হতে জানানো হয়েছে,<br>ক) বিএডিসি'র কেন্দ্রীয় রেকর্ডরুমে সংরক্ষনের জন্য কোন বিভাগ/দপ্তর থেকে "ক" শ্রেণির নথিপত্র প্রেরণ করা হয়নি। নথি প্রেরণ করা হলে তা যথানিয়মে সংরক্ষণ করা হবে।<br>খ) সওব্য বিভাগের উদ্যোগে কেন্দ্রীয় রেকর্ডরুমে রক্ষিত বিভিন্ন বিভাগের বিনষ্টযোগ্য ১৪২১ টি নথি, ৮৬০ বান্ডিল নথি/রেজিস্টার এবং ৫৭ বস্তা চাকরির অপ্রয়োজনীয় আবেদনপত্র বিগত ২৯ আগস্ট ২০২০ তারিখে সংস্থার মিরপুরে অবস্থিত খামারে বিনষ্ট করা হয়েছে।<br>গ) সাধারণ পরিচর্যা বিভাগ হতে জানানো হয়েছে যে, বিগত ২৯ আগস্ট ২০২০ তারিখে স্ব-উদ্যোগে ৬৮ টি বিনষ্ট করা হয়েছে। | - |
| ০৭. | বিএডিসি'র কর্মকর্তা/কর্মচারীদের পি. আর. এল. পরবর্তী আনুতোষিক প্রদান সংক্রান্ত। | ক. বিএডিসি'র কর্মকর্তা/ কর্মচারীদের পি. আর. এল. পরবর্তী আনুতোষিকের আবেদন ও আনুতোষিক মঞ্জুরি প্রদানের তথ্য মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।<br>খ. বিএডিসি'র অবসরপ্রাপ্ত কর্মকর্তা/ কর্মচারীদের আনুতোষিক ও অন্যান্য পাওনাদি যথাসময়ে পরিশোধের নিমিত্ত প্রয়োজনীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>গ. বিএডিসি'র যে সকল কর্মকর্তা/ কর্মচারীর পি.আর.এল শেষ হওয়ার পর নানাবিধ জটিলতার কারণে | অর্থ বিভাগ হতে জানানো হয়েছে,<br>ক. আগস্ট/২০২০ মাসে আনুতোষিক নথি পাওয়া যায় ৫৪ টি। ৩১/০৮/২০২০ তারিখ পর্যন্ত আনুতোষিক মঞ্জুরী প্রদান করা হয় ৩৩টি। বাকী ২১টি আনুতোষিক নথি ১৩/০৯/২০২০ তারিখে নিষ্পত্তি করা হয়।<br>খ. হিসাব বিভাগ হতে জানানো হয়েছে,<br>আগস্ট/২০২০ পর্যন্ত সদর দপ্তর ও মফস্বল দপ্তরসমূহের ৫০(পঁঞ্চাশ) টি মঞ্জুরির বিপরীতে ২৩(তেইশ) টি পরিশোধিত হয়েছে অবশিষ্ট ২৭(সাতাশ) টি পরিশোধের অপেক্ষায় রয়েছে। | - |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | অগ্রগতি/বিবরণ | সিদ্ধান্ত প্রস্তাব |
|---|---|---|---|---|
| | | আনুতোষিক প্রদান করা সম্ভব হয়নি তাদের বিস্তারিত তথ্যসহ সদস্য পরিচালক (অর্থ) মহোদয়ের সভাপতিত্বে সংস্থাপন বিভাগ, হিসাব বিভাগ, অর্থ বিভাগ, অডিট বিভাগ এর সমন্বয়ে পৃথক সভা করতে হবে।<br>ঘ. ক্ষুদ্রসেচ উইং এর যে সকল প্রকৌশলী চাকুরী স্থায়ীকরণ সংক্রান্ত জটিলতা নিয়ে পি.আর.এল. এ গেছেন তাদের আনুতোষিক প্রদান করা যায় কি না এ বিষয়ে সদস্য পরিচালক (অর্থ) মহোদয় মতামত প্রদান করবেন এবং সংস্থাপন বিভাগ এ বিষয়ে বিধিনিয়মসহ তথ্য উপস্থাপন করবে। | | |
| ০৮. | বিএডিসি'র ওয়েবসাইট হালনাগাদ সংক্রান্ত। | আইসিটি সেল, মনিটরিং বিভাগ কর্তৃক বিএডিসি'র ওয়েবসাইট নিয়মিত হালনাগাদ করতে হবে। সকল বিভাগীয় প্রধানকে আইসিটি সেলের চাহিদাকৃত তথ্য সরবরাহ করতে হবে। | মনিটরিং বিভাগ হতে জানানো হয়েছে, আইসিটি সেল কর্তৃক বিএডিসি'র ওয়েবসাইট নিয়মিত হালনাগাদ করা হচ্ছে। আগস্ট ২০২০ মাসে ৮৬১টি অফিস আদেশ, পত্র, নোটিশ ও বিজ্ঞাপন ইত্যাদি হালনাগাদ করা হয়েছে । | - |
| ০৯. | কৃষি ভবনে ই-ফাইলিং চালু সংক্রান্ত। | ক. সকল বিভাগ/দপ্তরকে দাপ্তরিক কার্যক্রমে ই-ফাইলিং এর ব্যবহার বৃদ্ধি করতে হবে। লক্ষ্যমাত্রা অনুযায়ী ই-ফাইল কার্যক্রম অর্জনে চেষ্টা অব্যাহত রাখতে হবে। লক্ষ্যমাত্রা অনুযায়ী অর্জন করতে ব্যর্থ হলে বিভাগীয় প্রধানগণ ব্যাখ্যা প্রদান করবেন। প্রয়োজনে আইসিটি সেলের টেকনিক্যাল সহযোগিতা গ্রহণ করতে হবে।<br>খ. পর্যায়ক্রমে কৃষি ভবনের সকল কর্মকর্তা/ কর্মচারীকে ই-ফাইলিং বিষয়ে প্রশিক্ষণ প্রদান করতে হবে। | মনিটরিং বিভাগ হতে জানানো হয়েছে, ই-ফাইলিং প্রশিক্ষণ গ্রহণকারী বিভাগগুলোতে ই-ফাইলিং চালু করা হয়েছে।<br>**আগস্ট ২০২০ মাসে ই-ফাইলিং অগ্রগতিঃ**<br>▪ মোট ডাক গ্রহণ : ৩,৯৪৩টি;<br>▪ মোট স্ব-উদ্যোগে সৃজিত নোট: ১,৬৩১টি;<br>▪ মোট ডাক থেকে সৃজিত নোট: ১,৮০৪টি;<br>▪ মোট নোটে নিষ্পন্ন: ১,৬৬০টি;<br>▪ মোট পত্রজারীতে নিষ্পন্ন: ১,২৪৬টি<br>ই-ফাইলিং বিষয়ে আগস্ট ২০২০ মাসের প্রতিবেদনে জাতীয় পর্যায়ে বিএডিসি'র অবস্থান ৩য় এবং কৃষি মন্ত্রণালয়ে প্রথম। | - |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | অগ্রগতি/বিবরণ | সিদ্ধান্ত প্রস্তাব |
|---|---|---|---|---|
| ১০. | কৃষি ভবনের ছাদের উপর পরিবেশ বান্ধব বাগান সৃজন সংক্রান্ত। | ক. কৃষি ভবনের ছাদের উপর পরিবেশ বান্ধব বাগান সৃজন এর নিমিত্ত প্রয়োজনীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>খ. কৃষি ভবনের ছাদে আগত অতিথিদের বসার জন্য একটি শেড ও একটি নেট হাউস নির্মাণ করতে হবে।<br>গ. ছাদ বাগানের জন্য প্রয়োজনীয় টব ও অন্যান্য উপকরণ সরবরাহ করতে হবে। | ১. গবেষণা সেল বিভাগ হতে জানানো হয়েছে যে,<br>ক. কৃষি ভবনের ছাদের উপর পরিবেশ বান্ধব ছাদ বাগানের কার্যক্রম অব্যাহত আছে। আসন্ন রবি মৌসুমে চেরি টমেটো, বেগুন ও মরিচসহ বিভিন্ন ধরনের ফুলের চারা লাগানোর পরিকল্পনা করা হয়েছে। মুজিব বর্ষ উপলক্ষ্যে চেরি টমটোর চারা নিতে ইচ্ছুক সকলকে চারা সরবরাহের জন্য ১০০০ টি চারা উৎপাদন করা হবে।<br>খ. ছাদে অথিতিদের বসার জন্য শেড নির্মানের মূল কাজ শেষ করা করা হয়েছে; ফ্লোর, সাইড গ্লাস ও সজ্জিতকরণের কাজ চলমান আছে। নেট হাউজ নির্মাণের কাজ এবছরই শুরু হবে বলে নির্মাণ বিভাগ জানিয়েছে।<br>গ. ছাদ বাগানের জন্য প্রয়োজনীয় টব, মাটি, জৈব সার, খুটিঁ ও অন্যান্য উপকরণ প্রয়োজন। ছাদে পানির প্রবাহ কম।<br>ঘ. কৃষি ভবনের দক্ষিণ ব্লকটিও ওয়াটার প্রুফিং করা হয়েছে। ছোট এ নিচু গাছ দিয়ে ছাদ বাগানটি দক্ষিণ ব্লকে সম্প্রসারণ করা যেতে পারে।<br>২. নির্মাণ বিভাগ হতে জানানো হয়েছে যে,<br>কৃষিভবনের ছাদের উপর পরিবেশ বান্ধব বাগান করার নিমিত্ত বর্তমানে শেড নির্মাণ কাজ চলমান রয়েছে। কাজটি “বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)’র অফিস ভবন এবং অবকাঠামোসমূহ সংস্কার, আধুনিকীকরণ ও নির্মাণ”প্রকল্পের মাধ্যমে বাস্তবায়ন করা হচ্ছে। | - |
| ১১. | বিএডিসি কর্তৃক সৌর প্যানেল স্থাপন সংক্রান্ত। | ক. বিএডিসি কর্তৃক স্থাপিত সৌর প্যানেল এর সংখ্যা ও স্থান মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।<br>খ. বিএডিসি কর্তৃক স্থাপনকৃত সৌর প্যানেলের সংখ্যা পর্যায়ক্রমে বৃদ্ধি করতে হবে এবং সোলার প্যানেল স্থাপনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করতে হবে।<br>গ. প্রকল্প পরিচালক/কর্মসূচি পরিচালক ও দপ্তর প্রধানগণ কর্তৃক স্ব উদ্যোগে অফিস ভবনে সোলার প্যানেল স্থাপনের উদ্যোগ নিতে হবে।<br>ঘ. চর অঞ্চলে এবং বিদ্যুৎ বিচ্ছিন্ন এলাকাতে বিএডিসি কর্তৃক সৌর প্যানেল স্থাপনের উদ্যোগ নিতে হবে। | নির্মাণ বিভাগ হতে জানানো হয়েছে,<br>বিএডিসি’র প্রধান কার্যালয়ে ২টি সোলার প্যানেল স্থাপন করা হয়েছে। মাঠ পর্যায়ে যোগাযোগে জানা যায় পাকুন্দিয়া, মিরপুর-গাবতলী, দত্তনগর, মধুপুর, উল্লাপাড়া কোল্ড স্টোরেজ ও ডোমার, কাশিমপুর, গাবতলী টিস্যু কালচার ল্যাবে, দশমিনা খামার ও বরিশাল কেডিসি হিমাগারে সোলার প্যানেল স্থাপন করা হয়েছে (মোট ১০টি)। রাবার ড্যাম প্রকল্পের আওতায় কৃষক সমবায় সমিতির বিল্ডিং এ (WMCA) ১০ টি সোলার প্যানেল যথাক্রমে নালিতাবাড়ি (শেরপুর) ১টি, বিশবম্ভরপুর (সুনামগঞ্জ) ১টি, রাঙ্গুনিয়ায় ২টি, দোয়ারাবাজার ১টি ,ছাতকে ১টি, লোহাগড়া (চট্টগ্রাম) ১টি, চিল্লাই (সুনামগঞ্জ) ১টি, কলমাকান্দা (নেত্রকোনা) ১টি, কোরাঙ্গী-বাহুবল (হবিগঞ্জ) ১টি স্থাপন করা হয়েছে। বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)’র অফিস ভবন এবং অবকাঠামোসমূহ সংস্কার, আধুনিকীকরণ ও নির্মাণ শীর্ষক প্রকল্পের অর্থায়নে ইউনিট দপ্তরে ৭টি সোলার প্যানেল যথাক্রমে ইটনা, বাঘাইছড়ি-রাঙামাটি, পিরোজপুর, দেওয়ানগঞ্জ-জামালপুর, দিরাই, মেলান্দহ, মনিরামপুর স্থাপন করা হয়েছে । এছাড়া রাঙামাটি রিজিয়ন দপ্তরে ১টি, রংপুর সার্কেল দপ্তরে ১টি, ময়মনসিংহ সার্কেল দপ্তরে ১টি, নির্বাহী প্রকৌশলী চট্টগ্রাম (সওকা) রিজিয়ন দপ্তরের অফিস ভবনসহ ৬টি স্ট্রিট লাইটের জন্য ১টি এবং “বৃহত্তর বগুড়া ও দিনাজপুর জেলা ক্ষুদ্রসেচ উন্নয়ন” প্রকল্প হতে প্রকল্প পরিচালক ও নির্বাহী প্রকৌশলী বগুড়া দপ্তরে ১টি সোলার প্যানেল স্থাপন করা হয়েছে (মোট ৫টি)। অর্থাৎ | - |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | অগ্রগতি/বিবরণ | সিদ্ধান্ত প্রস্তাব |
|---|---|---|---|---|
| | | | মোট ৩৪ টি সোলার প্যানেল স্থাপন করা হয়েছে। সৌর প্যানেল স্থাপনের লক্ষ্যমাত্রা নির্ধারণের জন্য বিভাগীয় প্রধান পর্যায়ে পত্র প্রেরণ করা হয়েছে। | |
| ১২. | অডিট আপত্তি ও নিষ্পত্তি সংক্রান্ত। | ক. বিএডিসি'র প্রতিমাসে অডিট আপত্তি, নিষ্পত্তি, দ্বিপক্ষীয় ও ত্রিপক্ষীয় সভার তথ্য মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে । খ. বিএডিসি' র সকল অডিট আপত্তি দ্রুত নিষ্পত্তির বিষয়ে যথাযথ কার্যক্রম গ্রহণ করতে হবে। | অডিট বিভাগ হতে জানানো হয়েছে যে, অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে নিম্মোক্তভাবে কার্যক্রম গ্রহণ করা হয়: ক. নিরীক্ষার প্রতিবেদন অনুযায়ী প্রাপ্ত ব্রডশীট জবাব ও পুন:জবাব নিষ্পত্তিসহায়ক প্রমাণক পরীক্ষান্তে বাণিজ্যিক অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়। খ. অনিষ্পন্ন সাধারণ আপত্তির কার্যপত্র সংগ্রহপূর্বক বাণিজ্যিক অডিট অধিদপ্তরের সংগে যোগাযোগের মাধ্যমে প্রতিমাসে দ্বি পক্ষীয় সভার কার্যক্রম গ্রহণ করা হয়। গ. অনিষ্পন্ন অগ্রিম আপত্তির কার্যপত্র সংগ্রহপূর্বক কৃষি মন্ত্রণালয়ের সংগে যোগাযোগের মাধ্যমে প্রতিমাসে ত্রিপক্ষীয় সভার কার্যক্রম গ্রহণ করা হয়। **অডিট আপত্তি ও নিষ্পত্তি সংক্রান্ত তথ্য পরিশিষ্ট-৬ এ দেখানো হয়েছে।** | - |
| ১৩. | বিএডিসি'র গবেষণা কার্যক্রম সংক্রান্ত। | ক. বিএডিসি'র গবেষণা কার্যক্রম এর অগ্রগতি মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। বিএডিসি' র গবেষণা কার্যক্রমকে আরো গতিশীল ও ফলপ্রসূ করতে হবে। বিএডিসি'র গবেষণা কার্যক্রম মূল্যায়ন কমিটির সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ দ্রুত বাস্তবায়ন করতে হবে। খ. বিএডিসি'র চলমান গবেষণা কার্যক্রম সম্পন্ন করার জন্য রাজস্ব খাত হতে বিভাগভিত্তিক বাজেট বরাদ্দ করতে হবে। | গবেষণা সেল বিভাগ হতে জানানো হয়েছে যে, ক. গবেষণা সেলের মাধ্যমে ২৬ টি গবেষণা চলমান আছে। বিএডিসি'র ম্যান্ডেটের সাথে সম্পৃক্ত যে কোন বিষয়ে গবেষণার সুযোগ রয়েছে। চলতি ২০২০-২১ বর্ষে বিগত বছরের চলমানসহ ৩০টির বেশি গবেষণা প্রস্তাব পাওয়া গেছে। এগুলো যাচাই-বাছাই করা হচ্ছে। খ. বিএডিসি'র নামে ছাড়করণের জন্য একটি করে ডুমুর, শরীফা, কুল বরই, এভোকাডো, জাবটিকাবা, বারমাসি পেয়ারা ও সরিষার জাত নিবন্ধনের জন্য মন্ত্রণালয়ে আবেদন করা হয়েছে। গ. স্বল্প কালীন কানিহাতি জাতের ধান, বিএডিসি পাট, রঙ্গিন ভূট্টাসহ বিভিন্ন ফসল বিএডিসি'র নামে ছাড়করণের জন্য ট্রায়াল চলমান আছে। ঘ. সংস্থার সম্মানিত চেয়ারম্যান মহোদয়ের ঐকান্তিক প্রচেষ্টায় বিগত ২০১৯-২০ বর্ষ হতে রাজস্ব বাজেটে (জিওবি অংশ) গবেষণা কার্যক্রম বাস্তবায়িত হচ্ছে। ঙ. গবেষণা কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়িত করার জন্য শ্রমিক খাত, ভ্রমণ খাত এবং সেমিনার/ওয়ার্কশপ খাতে বরাদ্দ দিতে হবে। চ. বিএডিসি'র চলমান কার্যক্রমে বিদ্যমান সমস্যা সমাধানের জন্য এবং নতুন প্রযুক্তি প্রচলনের জন্য বিভাগীয় প্রধানগণ গবেষণার বিষয়বস্তু প্রেরণ করতে পারেন। | - |
| ১৪. | সংস্থার বিভিন্ন দপ্তর/ বিভাগ/ শাখা পরিদর্শন সংক্রান্ত। | ক. স্ব স্ব উইং ও বিভাগীয় প্রধানগণকে নিয়মিত তাঁর দপ্তর/ বিভাগ/ শাখা পরিদর্শন করতে হবে। পরিদর্শন প্রতিবেদন সমন্বয় বিভাগে প্রেরণ করতে হবে। খ. দপ্তর/ বিভাগ/ শাখার সমস্যাসমূহ মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। | গত মাসিক সমন্বয় সভা পরবর্তী মহাব্যবস্থাপক (সার ব্যবস্থাপনা), মহাব্যবস্থাপক (ক্রয়), মহাব্যবস্থাপক (তদন্ত), যুগ্মপরিচালক (নিওক), প্রধান প্রকৌশলী (ক্ষুদ্রসেচ), প্রধান প্রকৌশলী (সওকা), প্রধান প্রকৌশলী (নির্মাণ), প্রধান (মনিটরিং), জনসংযোগ কর্মকর্তা ও উপপরিচাল (আইন) কতৃর্ক অফিস পরিদর্শন করা হয়েছে। | - |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | অগ্রগতি/বিবরণ | সিদ্ধান্ত প্রস্তাব |
|---|---|---|---|---|
| | | | | |
| ১৫. | বিএডিসি'র জীর্ণ স্থাপনাসমূহ Condemn ঘোষণা সংক্রান্ত। | ক.বিএডিসি'র সকল উইংয়ের আওতাধীন জীর্ণ স্থাপনাসমূহ চিহ্নিত করে Condemn ঘোষণাপূর্বক ভেঙ্গে ফেলার কার্যক্রম গ্রহণ করতে হবে।<br>খ. সংশ্লিষ্ট সকল বিভাগ/ দপ্তর প্রধানকে বিএডিসি'র জীর্ণ স্থাপনাসমূহ Condemn ঘোষণা করে তালিকা নির্মাণ বিভাগে প্রেরণ করতে হবে। | নির্মাণ বিভাগ হতে জানানো হয়েছে,<br>বিএডিসি'র সকল উইংয়ের Condemn ঘোষণাকৃত/ Condemn যোগ্য/ ভবিষ্যৎতে Condemn যোগ্য ৭২৬ টি জরাজীর্ণ স্থাপনার তালিকা পুস্তিকা আকারে তৈরী করা হয়েছে। উক্ত স্থাপনার মধ্যে ইতোমধ্যে ৬১ টি জরাজীর্ণ স্থাপনা Condemn ঘোষণা করা হয়েছে যার মধ্যে সার ব্যবস্থাপনা বিভাগের ২টি, ক্ষুদ্রসেচ উইং এর ২৯টি, উদ্যান বিভাগের ৫টি, বীজ প্রক্রিয়াজাতকরণ বিভাগের ১টি ও খামার বিভাগের ২৪টি স্থাপনা রয়েছে। | - |
| ১৬. | বিএডিসি'র জমি জমার নাম জারি সংক্রান্ত । | ক. বিএডিসি'র সকল জমিজমার নাম জারি বিএডিসি'র নামে করতে হবে।<br>খ. বিএডিসি'র সকল জমিজমা বিএডিসি'র নামে নামজারির তালিকা উইং ভিত্তিক নিদিষ্ট ছকে সুস্পষ্টভাবে সাধারণ পরিচর্যা বিভাগে প্রেরণ করতে হবে এবং তালিকা মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। | সাধারণ পরিচর্যা বিভাগ হতে জানানো হয়েছে,<br>নিদের্শনা মোতাবেক সকল বিভাগ/দপ্তর হতে নামজারির তালিকা পাওয়া গেছে। কিন্তু উক্ত ছকে প্রেরিত তথ্য পর্যালোচনা করে দেখা যায় যে, বিভিন্ন অফিস হতে বিভিন্নভাবে নামজারী সংক্রান্ত তথ্যাদি প্রেরণ করা হয়েছে (যেমনঃ তথ্য প্রদান করা হয়েছে- নামজারী করা হয়েছে, কৃষি বিভাগের নামে, বিআরএস রেকর্ডে বিএডিসি'র নামে রেকর্ডভুক্ত, বিএডিসি'র নামে রেকর্ডভুক্ত ইত্যাদি)। ফলে প্রতিবেদন দেখে স্পষ্টত বুঝা যাচ্ছে না যে, সংশ্লিষ্ট উইং এর সংশ্লিষ্ট জমিটি বিএডিসি'র নামে নামজারী হয়েছে কিনা। সুতরাং বিষয়টি স্পষ্টীকরণ তথা বিএডিসি'র নামে নামজারী বিষয়টি আরও সুনির্দিষ্ট হওয়া প্রয়োজন। এর প্রেক্ষিতে সাধারণ পরিচর্যা বিভাগের ০৪ আগস্ট ২০২০ তারিখের ১৩২ নং স্মারকমূলে পুনরায় নামজারী সংক্রান্ত তথ্যাদি প্রেরণের জন্য সংশ্লিষ্ট সকলকে পত্র প্রদান করা হয়েছে। | - |
| ১৭. | বিএডিসি'র সম্পদের সংরক্ষণ সংক্রান্ত । | বিএডিসি'র অরক্ষিত/ পরিত্যক্ত স্থাপনা এবং বেহাত/ বেদখলকৃত সম্পদের তালিকা সংশ্লিষ্ট উইং/ বিভাগের মতামত গ্রহণপূর্বক চূড়ান্ত করতে হবে। চূড়ান্ত তালিকা সংশ্লিষ্ট বিভাগে প্রেরণ করতে হবে। | সাধারণ পরিচর্যা বিভাগ হতে জানানো হয়েছে,<br>কমিটির সভাপতি কর্তৃক মাননীয় চেয়ারম্যান বরাবর দাখিলকৃত বিএডিসি' র অরক্ষিত/পরিত্যক্ত স্থাপনা এবং বেহাত/বেদখলকৃত সম্পদের চুড়ান্ত তালিকা সংগঠন ও ব্যবস্থাপনা বিভাগের স্মারক নং-৯০৩; তারিখঃ ২৩/০৭/২০২০ এর মাধ্যমে সাধারণ পরিচর্যা বিভাগে পাওয়া গেছে। ইতোমধ্যে সংশ্লিষ্ট সকল বিভাগকে প্রতিবেদনের কপি প্রেরণ করা হয়েছে। | - |
| ১৮. | তথ্য অধিকার আইন, ২০০৯ এর আলোকে বিএডিসি কর্তৃক তথ্য সরবরাহ সংক্রান্ত । | ক. তথ্য অধিকার আইনের আলোকে সংস্থার প্রকাশযোগ্য তথ্য আবেদনকারীকে সরবরাহ করতে হবে।<br>খ. তথ্য অধিকার আইনের আলোকে তথ্য প্রাপ্তির আবেদনের সংখ্যা ও আবেদনকারীকে তথ্য সরবরাহের অগ্রগতি মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করতে | তদন্ত বিভাগ হতে জানানো হয়েছে, আগস্ট ২০২০ মাসে তথ্য অধিকার আইনে কোন আবেদন পাওয়া যায়নি। | - |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | অগ্রগতি/বিবরণ | সিদ্ধান্ত প্রস্তাব |
|---|---|---|---|---|
| | | হবে। | | |
| ১৯. | বিএডিসি'র Integrated software প্রণয়ন সংক্রান্ত। | ক. বিএডিসি'র Integrated software প্রণয়ন এর অগ্রগতি মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। সংশ্লিষ্ট বাস্তবায়ন কমিটি সফটওয়্যার কার্যক্রমের অগ্রগতি মনিটরিং করে সভায় উপস্থাপন করবেন।<br><br>খ. সদস্য পরিচালক (অর্থ) software সংশ্লিষ্ট সকলকে নিয়ে একটি সভা করে software এর প্রয়োজনীয়তা বিষয়ে সুনির্দিষ্ট মতামত চেয়ারম্যান বিএডিসি বরাবর প্রদান করবেন। | হিসাব বিভাগ হতে জানানো হয়েছে যে,<br>ক. বিগত সমন্বয় সভার সিদ্ধান্তের আলোকে ০২/০৯/২০২০ তারিখে সদস্য পরিচালক (অর্থ) মহোদয়ের সভাপতিত্বে সফটওয়ার সংক্রান্ত একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সফটওয়ার কোম্পানী কর্তৃক প্রস্তুতকৃত ২৩টি মডিউলের টেস্টিং কার্যক্রম সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। মডিউলগুলোর মধ্যে ১৩টির টেস্টিং কার্যক্রম ১৬/০৯/২০২০ তারিখ পর্যন্ত সম্পন্ন হয়েছে এবং বীজ ও উদ্যান উইং এর মডিউলটিকে ১২টি সাব মডিউলে ভাগ করা হয়েছে যার মধ্যে ০৬টির টেস্টিং কার্যক্রম সম্পন্ন হয়েছে। অবশিষ্ট ০৬টি সাবমডিউলসহ অন্যান্য মডিউলগুলোর টেস্টিং কার্যক্রম ২৩/০৯/২০২০ তারিখের মধ্যে সম্পন্ন করা হবে।<br>খ. software বাস্তাবয়ন কমিটি পুনর্গঠন করা হয়েছে। সদস্য পরিচালক(অর্থ) মহোদয়ের সভাপতিত্বে বিগত ০২/০৯/২০২০ তারিখে অনুষ্ঠিত সভায় উপস্থিত সবাই একমত পোষণ করেরন যে, সেবার মান বৃদ্ধি করার স্বার্থে এবং দ্রুততার সহিত কাঙ্খিত মানের নির্ভুল সেবা প্রদানের নিমিত্তে বিএডিসিতে অবশ্যই সফটওয়ারের প্রয়োজনীয়তা রয়েছে। | - |
| ২০. | বিএডিসি'র কর্মকর্তা ও কর্মচারীদের স্ব স্ব বিভাগ/দপ্তরের হাজিরা খাতায় যথাসময়ে স্বাক্ষর সংক্রান্ত। | ক. বিএডিসি'র সদর দপ্তর ও মাঠ পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীদের যথাসময়ে হাজিরা খাতায় স্বাক্ষর করতে হবে।<br>খ. সদর দপ্তরে বিএডিসি'র কর্মকর্তা/কর্মচারীদের ইলেকট্রনিক পদ্ধতিতে হাজিরা নেয়ার জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। | সকল বিভাগ হতে জানানো হয়েছে,<br>ক) সাধারণ পরিচর্যা বিভাগের সকল কর্মকর্তা/কর্মচারী যথাসময়ে হাজিরা খাতায় স্বাক্ষর প্রদানের বিষয়টি নিয়মিতভাবে কর্তৃপক্ষ কর্তৃক তদারকি করা হয়ে থাকে।<br>(খ) সদর দপ্তরে বিএডিসি'র সকল কর্মকর্তা/কর্মচারীদের ইলেকট্রনিক হাজিরা বিভাগভিত্তিক আলাদাভাবে প্রিন্ট করার বিষয়টি বায়োমেট্রিক কার্ড প্রস্তুতকারী প্রতিষ্ঠানের মাধ্যমে নিশ্চিত করা সম্ভবপর হয়েছে মর্মে জানানো হয়। তবে মহামারী করোনার কারণে উক্ত ইলেকট্রনিক হাজিরার বিষয়টি স্থগিত আছে। | - |
| ২১. | বিএডিসি'র কর্মকর্তা/কর্মচারীদের চিকিৎসা সংক্রান্ত । | বিএডিসি'র কর্মকর্তা/কর্মচারীদের চিকিৎসা সংক্রান্ত তথ্য মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। | বিএডিসি'র চিকিৎসা কেন্দ্র হতে জানানো হয়েছে, আগস্ট ২০২০ মাসে মোট ৩১০ জন কর্মকর্তা/ কর্মচারীকে চিকিৎসা প্রদান করা হয়েছে। (চিকিৎসা সংক্রান্ত তথ্য পরিশিষ্ট-৮ এ সংযোজন করা হয়েছে) | - |
| ২২. | বিএডিসি'র সমাপ্ত প্রকল্পের মালামাল সাধারণ পরিচর্যা বিভাগে হস্তান্তর সংক্রান্ত । | ক. বিএডিসি'র সমাপ্ত প্রকল্পের মালামালসমূহ (যানবাহন, আসবাবপত্র ও যন্ত্রপাতি) সাধারণ পরিচর্যা বিভাগে হস্তান্তর করতে হবে।<br>খ. বিএডিসি'র বিভিন্ন প্রকল্পের মাধ্যমে ক্রয়কৃত সকল মালামাল এর ইনভেন্টটরি করতে হবে। প্রকল্প সমাপ্ত হলে | ২০১৯-২০ অর্থ বছরে সমাপ্ত প্রকল্পসমূহের মালামাল ফেরত দেয়ার জন্য প্রকল্প পরিচালকগণকে সাধারণ পরিচর্যা বিভাগের স্মারক নম্বর: ৯৫; তারিখঃ ০৬ জুলাই ২০২০ এর মাধ্যমে পত্র দেয়া হয়েছে। ধান,গম ও ভূট্টার উন্নততর বীজ উৎপাদন ও উন্নয়ন প্রকল্প ২. ডাল ও তৈলবীজ উৎপাদনের মাধ্যমে টেকসই পুষ্টি নিরাপত্তা জোরদারকরণ প্রকল্প ও ৩. আশুগঞ্জ ও পলাশ এগ্রো-ইরিগেশন প্রকল্প হতে মালামাল ফেরত সংক্রান্ত প্রস্তাব পাওয়া গিয়েছে। অন্যদিকে ১. বরিশাল বিভাগ ক্ষুদ্রসেচ উন্নয়ন প্রকল্প ও ২.বিএডিসি'র বিদ্যমান বীজ উৎপাদন প্রক্রিয়াজাতকরণ ও | - |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | অগ্রগতি/বিবরণ | সিদ্ধান্ত প্রস্তাব |
|---|---|---|---|---|
| | | ইনভেন্টরি অনুসারে স্টক এন্ট্রি করে নির্দিষ্ট সময়ের মধ্যে সাধারণ পরিচর্যা বিভাগে হস্তান্তর করতে হবে। | বিতরণ ব্যবস্থাদি আধুনিকীকরণ ও উন্নয়ন প্রকল্পের মালামাল জমা প্রদান সংক্রান্ত প্রস্তাব পাওয়া যায় নি। | |
| ২৩. | বিএডিসিতে গৃহ নির্মাণ ঋণ চালুকরণ সংক্রান্ত। | বিএডিসিতে গৃহ নির্মাণ ঋণ চালুকরণ এর বিষয়ে পর্যাপ্ত অর্থের সংস্থান রেখে একটি নীতিমালা প্রণয়নপূর্বক পরিচালনা পর্ষদ সভায় উপস্থাপন করতে হবে। | হিসাব বিভাগ হতে জানানো হয় যে,<br>বিএডিসি' তে গৃহ নির্মাণ ঋণ চালুকরণের বিষয়ে একটি খসড়া নীতিমালা প্রণয়ন করা হয়েছে। খসড়া নীতিমালাটি চেয়ারম্যান মহোদয়ের নিকট পিপিটি আকারে উপস্থাপন করা হলে তিনি তাতে কিছু বিষয় সংশোধন করে পুনরায় উপস্থাপনের নির্দেশনা দিয়েছেন। | - |
| ২৪. | চাঁপাইনবাবগঞ্জ জেলায় ক্ষুদ্রসেচ উইং এর ইউনিট অফিস, নরসিংদী জেলায় নির্বাহী প্রকৌশলীর কার্যালয় স্থাপন এবং বিএডিসি'র স্টার্ফ কোয়াটারে ভবন নির্মাণ সংক্রান্ত । | ক. চাঁপাইনবাবগঞ্জ জেলায় ক্ষুদ্রসেচ উইং এর ইউনিট অফিস এবং নরসিংদী জেলায় নির্বাহী প্রকৌশলীর কার্যালয় স্থাপন করতে হবে।<br>খ.বিএডিসি'র স্টার্ফ কোয়াটার, মিরপুর, ঢাকায় এবং বীজ ভবন রাজশাহী অফিসে একটি দৃষ্টি নান্দনিক গেট বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন'র অফিস ভবন এবং অবকাঠামোসমূহ সংস্কার, আধুনিকীকরণ ও নির্মাণ শীর্ষক প্রকল্প হতে নির্মাণ করতে হবে।<br>গ. বিএডিসি'র কর্মকর্তা/ কর্মচারীদের স্টার্ফ কোয়াটার নির্মানের জন্য একটি ডিপিপি তৈরি করতে হবে। | নির্মাণ বিভাগ হতে জানানো হয়েছে,<br>ক. চাঁপাইনবাবগঞ্জ (ক্ষুদ্রসেচ), বিএডিসি ইউনিট অফিস নির্মাণ কাজ চলমান আছে। নরসিংদী (ক্ষুদ্রসেচ), বিএডিসি রিজিয়ন অফিস নির্মাণ কাজের সাইট হস্তান্তর হয়েছে।<br>খ. রাজশাহীর বীজের অফিসে ডিপিপি সংশোধনের প্রত্যাশায় বিএডিসি ট্রাইপিক্যাল গেট নির্মাণ কাজ চলমান রয়েছে।<br>গ. ডিপিপি প্রণয়ণের উদ্যোগ নেয়া হয়েছে। | |
| ২৫. | জাতির পিতা বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী ও মুজিব বর্ষ (২০২০) যথাযথভাবে উদযাপন সংক্রান্ত। | জাতির পিতা বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী ও মুজিব বর্ষ বিএডিসিতে যথাযোগ্য মর্যাদায় উদযাপনের লক্ষ্যে কৃষি মন্ত্রণালয় কর্তৃক সর্বশেষ দিকনির্দেশনা অনুযায়ী কার্যক্রম গ্রহণ করতে হবে। | জাতির পিতা বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী ও মুজিব বর্ষ বিএডিসিতে যথাযোগ্য মর্যাদায় উদযাপনের লক্ষ্যে কৃষি মন্ত্রণালয় কর্তৃক সর্বশেষ দিকনির্দেশনা অনুযায়ী কার্যক্রম গ্রহণ করা হচ্ছে। | - |
| ২৬. | iBAS++ - Integrated Budget And Accounting | ক. iBAS++ সফটওয়ারে বিএডিসি'র সকল কর্মকর্তা-কর্মচারীদের তথ্য দ্রুত এন্ট্রি করার প্রয়োজনীয় কার্যক্রম | সংস্থাপন বিভাগ হতে জানানো হয়েছে, বিএডিসি'র আইসিটি সেলে সদর দপ্তরের সকল কর্মকর্তা-কর্মচারীদের চাকরী সংক্রান্ত তথ্য ইতোমধ্যে এন্ট্রি করা হয়েছে এবং মাঠ পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীদের চাকুরী সংক্রান্ত তথ্য iBAS++ সফটওয়ারে | - |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | অগ্রগতি/বিবরণ | সিদ্ধান্ত প্রস্তাব |
|---|---|---|---|---|
| | System সফ্টওয়ারে বিএডিসি'র সকল কর্মকর্তাদের যুক্তকরণ সংক্রান্ত। | গ্রহণ করতে হবে। ভিন্ন ভিন্ন কমিটির মাধ্যমে তা যাচাই-বাছাই করতে হবে।<br>খ. iBAS++ সফ্টওয়ারের বিষয়ে প্রশিক্ষণ প্রয়োজন হলে প্রশিক্ষণ প্রদান করতে হবে। | এন্ট্রির কার্যক্রম চলমান রয়েছে। সংস্থাপন বিভাগের ২৫ আগস্ট ২০২০ তারিখের স্মারক নং ৩১৪৭ মোতাবেক proof reading committee পুন:গঠন করা হয়েছে। | |
| ২৭. | বিএডিসি কর্মকর্তাদের জন্য অফিসার্স ক্লাব তৈরি করা সংক্রান্ত। | বিএডিসি কর্মকর্তাদের বিভিন্ন বিনোদনমূলক কার্যক্রম পরিচালনার জন্য একটি 'বিএডিসি অফিসার্স ক্লাব, ঢাকা' তৈরি করতে হবে। 'বিএডিসি অফিসার্স ক্লাব ঢাকা' তৈরির জন্য বিভিন্ন উইং এর সমন্বয়ে গঠিত কমিটি এ বিষয়ে চেয়ারম্যান মহোদয় বরাবর প্রতিবেদন দাখিল করবেন। | সংগঠন ও ব্যবস্থাপনা বিভাগ হতে জানানো হয়েছে যে, নিয়োগ ও কল্যাণ বিভাগ কর্তৃক ০৫/০৮/২০২০ তারিখে মহাব্যবস্থাপক(অর্থ), বিএডিসি' কে আহবায়ক করে কমিটি গঠন করা হয়েছে। | |
| ২৮. | বিএডিসি-তে সচিবালয় নির্দেশমালা ২০১৪ অনুসরণ প্রসঙ্গে। | সদস্য পরিচালক (অর্থ) সভায় জানান সচিবালয় নির্দেশমালা ২০১৪ অনুযায়ী নথির মাধ্যমে পত্র জারী করলে নোটে লাল কালি দিয়ে জারী নং এবং পৃষ্ঠা নং লেখার নিয়ম রয়েছে। বিএডিসি'র অনেক বিভাগে তা করা হয় না। সভাপতি বিএডিসি-তে সচিবালয় নির্দেশমালা অনুযায়ী পত্র জারী করলে নোটে লাল কালি দিয়ে জারী নং এবং পৃষ্ঠা নং লেখার নির্দেশনা প্রদান করেন। | সংগঠন ও ব্যবস্থাপনা বিভাগ হতে জানানো হয়েছে যে, সওব্য বিভাগের ৯৩ নং স্মারকে ১৩/০৯/২০২০ তারিখে এ বিষয়ে একটি পরিপত্র জারী করা হয়েছে। | - |

| গ্রেড/শ্রেণি ভিত্তিক জনবল সম্পর্কিত তথ্য: ৩০.০৮.২০২০ | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ক্র. | শ্রেণি | গ্রেড | মঞ্জুরীকৃত পদ সংখ্যা | | | কর্মরত পদ সংখ্যা ৩০.০৮.২০২০ | | | শূন্য পদ সংখ্যা | | |
| | | | সরাসরি পূরণযোগ্য | পদোন্নতির মাধ্যমে পূরণযোগ্য | মোট | সরাসরি নিয়োগপ্রাপ্ত | পদোন্নতির মাধ্যমে কর্মরত | মোট | সরাসরি পূরণযোগ্য | পদোন্নতির মাধ্যমে পূরণযোগ্য | মোট |
| ১ | ১ম | ১-৯ | ২৫৯ | ৫৭৫ | ৮৩৪ | ১৬৩ | ৫০১ | ৬৬৪ | ৯৬ | ৭৪ | ১৭০ |
| ২ | ২য় | ১০ | ৬৬১ | ২০৮ | ৮৬৯ | ৫৬৫ | ১১১ | ৬৭৬ | ৯৬ | ৯৭ | ১৯৩ |
| ৩ | ৩য় | ১১-১৫ | ২৪৩৯ | ৯১৯ | ৩৩৫৮ | ১৩৬৫ | ১৭০ | ১৫৩৫ | ১০৭৪ | ৭৪৯ | ১৮২৩ |
| ৪ | ৪র্থ | ১৬-২০ | ১৭২৫ | ১৪ | ১৭৩৯ | ৫০৯ | ৭ | ৫১৬ | ১২১৬ | ৭ | ১২২৩ |
| | | মোট | ৫০৮৪ | ১৭১৬ | ৬৮০০ | ২৬০২ | ৭৮৯ | ৩৩৯১ | ২৪৮২ | ৯২৭ | ৩৪০৯ |
| | | | | | | | % | ৪৯.৮৭ | | % | ৫০.১৩ |

**পরিশিষ্ট-২**

<u>**পেন্ডিং চিঠিপত্র নিষ্পত্তিকরণ সংক্রান্ত তথ্যঃ**</u>

| বিভাগের নাম | গত মাসের জের জুলাই ২০২০ | আলোচ্য মাসে প্রাপ্তি (আগস্ট) ২০২০ | আলোচ্য মাসে নিষ্পত্তি (আগস্ট) ২০২০ | মাসের শেষ কার্য দিবসে অনিষ্পন্ন | | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | এক সপ্তাহের অধিক অথচ দুই সপ্তাহের বেশি নহে | দুই সপ্তাহের অধিক অথচ এক মাসের বেশি নহে | এক মাসের অধিক | মোট | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| মনিটরিং | - | ৯১২ | ৯১২ | - | - | - | - | ৮৬১টি পত্র আইসিটি সেল সংক্রান্ত। |
| পরিকল্পনা | - | ১২৭ | ১২৭ | - | - | - | - | - |
| তদন্ত | - | ৩৮ | ৩৮ | - | - | - | - | - |
| ক্রয় | - | ১১৪ | ১১৪ | - | - | - | - | - |
| অর্থ | - | ৩০ | ৩০ | - | - | - | - | - |
| অডিট | - | ১১২ | ১১২ | - | - | - | - | - |
| সার ব্যবস্থাপনা | - | ২৫৫ | ২৫৫ | - | - | - | - | - |
| উদ্যান উন্নয়ন | - | ১৭০ | ১৭০ | - | - | - | - | - |
| এ এস সি | - | ২৮০ | ২৮০ | - | - | - | - | - |
| ক্ষুদ্রসেচ | - | ৪৪৮ | ৪৪৮ | - | - | - | - | - |
| সওকা | - | ১০৮ | ১০৮ | - | - | - | - | - |
| নির্মাণ | - | ৯২ | ৯২ | - | - | - | - | - |
| হিসাব | - | ৩৩০ | ৩৩০ | - | - | - | - | - |
| আইন | - | ১৫ | ১৫ | - | - | - | - | - |
| সওব্য | - | ৫০ | ৫০ | - | - | - | - | - |
| জনসংযোগ | - | ২৬ | ২৬ | - | - | - | - | - |
| সাধারণ পরিচর্যা | - | ৭৩ | ৭৩ | - | - | - | - | - |
| নিওক | - | ১১৫ | ১১৫ | - | - | - | - | - |

| বিভাগের নাম | গত মাসের জের জুলাই ২০২০ | আলোচ্য মাসে প্রাপ্তি (আগস্ট) ২০২০ | আলোচ্য মাসে নিষ্পত্তি (আগস্ট) ২০২০ | মাসের শেষ কার্য দিবসে অনিষ্পন্ন | | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | এক সপ্তাহের অধিক অথচ দুই সপ্তাহের বেশি নহে | দুই সপ্তাহের অধিক অথচ এক মাসের বেশি নহে | এক মাসের অধিক | মোট | |
| সংস্থাপন | - | ৩২১ | ৩২১ | - | - | - | - | - |
| সবজি বীজ | - | ৩৭ | ৩৭ | - | - | - | - | - |
| সমন্বয় | - | ৩০ | ৩০ | - | - | - | - | - |
| জরিপ ও অনুঃ | - | ০৬ | ০৬ | - | - | - | - | - |
| খামার বিভাগ | - | ১২০ | ১২০ | - | - | - | - | - |
| মিশু | - | ১১ | ১১ | - | - | - | - | - |
| ডাল ও তৈলবীজ | - | ১০ | ১০ | - | - | - | - | - |
| আলুবীজ বিভাগ | - | ৩৩ | ৩৩ | - | - | - | - | - |
| পাট বীজ | - | ১২৫ | ১২৫ | - | - | - | - | - |
| বীজ বিতরণ | - | ৪৪ | ৪৪ | - | - | - | - | - |
| কন্ট্রাক্ট গ্রোয়ার্স | - | ৬৮ | ৬৮ | - | - | - | - | - |
| **মোট** | - | ৪১০০ | ৪১০০ | - | - | - | - | |

**পরিশিষ্ট-৩**

<u>আদালতে বিচারাধীন মামলা সংক্রান্ত তথ্যঃ</u>

| ক্র.নং. | জুলাই ২০২০ মাস পর্যন্ত বিচারাধীন মামলার | (আগস্ট) ২০২০ মাসে দায়েরকৃত মামলার সংখ্যা | মোট মামলার সংখ্যা | (আগস্ট) ২০২০ মাসে দায়েরকৃত মামলার সংখ্যা মাসে | পেন্ডিং মামলার সংখ্যা | আদালতের নাম | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ১ | ৭৬০ | ০ | ৭৬০ | ০১ | ৭৫৯টি<br>আপীল বিভাগ : ৮৩ টি<br>হাইকোর্ট বিভাগ : ৩৯২ টি<br>জজ কোর্ট , ঢাকা: ৯৯ টি<br>ঢাকার বাইরের আদালত: ১৮৫ টি<br>সর্বমোট = ৭৫৯ টি | - | - |

<u>বিভাগীয় মামলার তথ্যঃ</u>

**পরিশিষ্ট-৪**

| ক্র. নং. | জুলাই ২০২০ মাস পর্যন্ত বিচারাধীন মামলার সংখ্যা | (আগস্ট) ২০২০ মাসে দায়েরকৃত মামলার সংখ্যা | মোট মামলার সংখ্যা | (আগস্ট) ২০২০ মাসে নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা | চলমান মামলার সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| | ৪১ | ০৪ | ৪৫ | - | ৪৫ | - |

## অডিট আপত্তি ও নিষ্পত্তি সংক্রান্ত তথ্যঃ

**পরিশিষ্ট-৬**

| ক্র. নং. | (জুলাই) ২০২০ মাস পর্যন্ত বিএডিসি'র অডিট আপত্তির সংখ্যা | (আগস্ট) ২০২০ মাসে নতুন অডিট আপত্তির সংখ্যা | মোট অডিট আপত্তির সংখ্যা | (আগস্ট) ২০২০ মাসে নিষ্পত্তিকৃত আপত্তির সংখ্যা | মোট অনিষ্পন্নকৃত আপত্তি সংখ্যা | (আগস্ট) ২০২০ মাসে দ্বিপক্ষীয় ও ত্রিপক্ষীয় সভার সংখ্যা। |
|---|---|---|---|---|---|---|
| ০১. | ৫,২০৮ টি | - | ৫,২০৮টি | ০০টি<br>সাধারণ- ০০টি<br>অগ্রিম- ০০টি<br>সংকলন- ০০টি | ৫,২০৮টি | দ্বিপক্ষীয় সভা – ০টি<br>ত্রিপক্ষীয় সভা – ০টি |

## আগস্ট ২০২০মাসে চিকিৎসা সংক্রান্ত তথ্যঃ

**পরিশিষ্ট-৮**

| স্থান | পুরুষ | মহিলা | মোট | মন্তব্য |
|---|---|---|---|---|
| কৃষি ভবন | ২৫৩ | ৫৭ | ৩১০ | - |
| স্টাফ কোর্য়াটার | - | - | - | - |
| সর্বমোট | ২৫৩ | ৫৭ | ৩১০ | - |